

- চ) কর্মএলাকায় পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারীর সমন্বয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত করা।
 ছ) ইউনিয়ন পর্যায়ে পাক্ষিক ও মাসিক সভায় অংশগ্রহণ করা।
 জ) নির্দিষ্ট ছকে সংশ্লিষ্ট ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক/পরিবার কল্যাণ সহকারীর নিকট রিপোর্ট প্রদান করা।
 ঝ) নির্ধারিত কর্ম এলাকায় সপ্তাহে ০৬ (ছয়) দিন ফিল্ড ভিজিট ও প্রতিদিন ১৫-২০ জোড়া যুব দম্পতিদের কাউন্সেলিং করা। মাসে সর্বোচ্চ ২৫/২৬ দিন ফিল্ড ভিজিট/ক্লায়েন্ট রেফার করা।
 ঞ) প্রতি মাসে ০১ (এক) দিন ১৫-২০ জোড়া যুব দম্পতিদের নিয়ে উঠান বৈঠক করা এবং উপস্থিতিদের হাজিরা নিশ্চিত করা।
 ট) বাড়ী পরিদর্শনের দিন ব্যতিরেকে যে কোনো দিন ক্লায়েন্ট রেফার করা (ক্লায়েন্ট রেফার করলে তিনি বিধি মোতাবেক রেফারাল ফি প্রাপ্ত হবেন)।

০৭। নিয়োগ প্রাপ্তদের জন্য শর্তসমূহঃ-

- ক) অর্পিত দায়িত্ব পালন এবং কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করতে পারবেন।
 খ) যেহেতু দায়িত্ব হতে অব্যাহতি চাইলে কমপক্ষে ১ মাস পূর্বে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
 গ) অধিদপ্তর থেকে সরবরাহকৃত পৌষাক পরিধান করে কর্মএলাকায় কাজ করতে হবে এবং কর্মএলাকায় বাধ্যতামূলক অবস্থান করতে হবে।
 ঘ) প্রতিমাসে Paid Peer Volunteer (PPV) দের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হবে। যে সকল কর্মীদের কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক নয়, তাদেরকে প্রাথমিকভাবে ০৩ (তিন) মাসের সময় দিয়ে অগ্রগতি অর্জনের জন্য তাগিদপত্র প্রদান করা হবে। তাতে কাজ না হলে পরবর্তীতে ০১ (এক) মাসের সময় দিয়ে সতর্কতা জারী করা হবে। তারপরেও কোনো উন্নতি না হলে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মীর নিয়োগ বাতিলের জন্য লাইন ডাইরেক্টর, সিসিএসডিপি ইউনিট বরাবর পত্র প্রেরণ করবেন। উক্ত সুপারিশের আলোকে লাইন ডাইরেক্টর, সিসিএসডিপি ইউনিট নিয়োগ বাতিলের ব্যবস্থা নিবেন।
 ঙ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ/ভাতা প্রদান করা হবে না।
 চ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
 ছ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর/বিভাগ/নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সকল আদেশ/নির্দেশ/পরিপত্র প্রতিপালনে বাধ্য থাকতে হবে।
 জ) নিয়োগপ্রাপ্ত Paid Peer Volunteer (PPV) দের ০৬(ছয়) দিনের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণের দিন হতে কর্মদিবস গণনা শুরু হবে।

০৮। Paid Peer Volunteer (PPV) দের যোগদানের সময় ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ পূর্বক অধীকারনামা গ্রহণ করা হবে:

- ক) সংশ্লিষ্ট কর্মএলাকায় রাজস্ব খাতে পরিবার কল্যাণ সহকারী পদে জনবল নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করবেনা।
 খ) Paid Peer Volunteer পদে দায়িত্ব পালনকালে স্থায়ীকরণ এবং জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোনো দাবী উপস্থাপন করতে পারবে না।
 গ) Paid Peer Volunteer পদে স্থায়ীকরণ এবং জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোনোরূপ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আদালতের দ্বারস্থ হবে না।
 ঘ) এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী "কাজ নাই, ভাতা নাই" ভিত্তিতে অপারেশন প্ল্যানের মেয়াদকাল জুন/২০২৩ পর্যন্ত বলবৎ থাকবে।
 ঙ) মেয়াদশেষে চাকুরীর মেয়াদকাল বৃদ্ধি না করা হলে স্বয়ংক্রিয়ভাবে উল্লিখিত নিয়োগ বাতিল বলে গণ্য হবে বা নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
 চ) আবেদনকারী প্রার্থীর নাম, স্বামীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, ধর্ম, বৈবাহিক অবস্থা, বিশেষ কোটা (যদি থাকে) ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক প্রার্থীর স্বাক্ষর ও তারিখসহ আবেদন করতে হবে।
 চা) আগামী ২২/১১/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বুড়িচং, কুমিল্লা ও ওয়েবসাইট: www.fpo.burichang.comilla.gov.bd এবং উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা এর নোটিশ বোর্ডে যাচাই বাছাইয়ের তালিকা, এবং অন্যান্য তথ্যাদি প্রকাশ করা হবে। কোন প্রবেশপত্র ইস্যু করা হবেনা।
 চা) মৌখিক পরীক্ষা ২৩/১১/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।
 চা) মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত এবং অপেক্ষমান তালিকা উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বুড়িচং, কুমিল্লা ও ওয়েবসাইট: www.fpo.burichang.comilla.gov.bd এবং উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
 চা) পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ প্রয়োজনে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

শেষসময়ের জন্য অপেক্ষা না করে
 দূত সময়ের মধ্যে আবেদন করার
 জন্য অনুরোধ করা হলো।

(Handwritten Signature)

(ডাঃ এ কে এম হেদায়েতুল ইসলাম)
 মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
 ও সদস্য সচিব

Paid Peer Volunteer নিয়োগ ও বাছাই কমিটি
 বুড়িচং, কুমিল্লা।

ইমেইল: ufpoburichong@dgfp.gov.bd
 ফোন:-০১৯৫৮-১৪৪৮৪৪